

রেজিস্টার্ড নং ডি এ-১



# বাংলাদেশ

# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ৯, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২২ আষাঢ় ১৪১৩/৬ জুলাই ২০০৬

এস, আর, ও নং ১৭৫-আইন/২০০৬—যেহেতু পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালকের  
পরামর্শদ্বারা সরকার এই মর্মে সম্মত হইয়াছে যে,—

(ক) দেশের বিভিন্ন স্থানে পুরাতন লেড-এসিড ব্যাটারী, অতঃপর ব্যাটারী বলিয়া উল্লিখিত,  
অপরিকল্পিতভাবে ভাঙিয়া বা, ক্ষেত্রমত, আগুনে গলাইয়া সীসা (লেড), সালফিটেরিক  
এসিড, প্লাস্টিক ও অন্যান্য বস্তু বা পদার্থ পুনঃপ্রক্রিয়াজাতকরণের উদ্দেশ্যে সংগ্রহ ও  
পুনঃব্যবহার করা হইতেছে, এবং

(খ) অনুচ্ছেদ (ক) তে উল্লিখিতরূপে ব্যাটারীর পুনঃপ্রক্রিয়াজাতকরণযোগ্য বস্তু বা পদার্থের  
সংগ্রহ ও পুনঃব্যবহার পরিবেশ তথা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর প্রভাব বিস্তার করিতেছে;  
এবং

(গ) পরিবেশ সংরক্ষণ, পরিবেশগত মান উন্নয়ন এবং পরিবেশ দৃষ্টি নিয়ন্ত্রণ ও প্রশমনকল্পে  
উপরি-উক্ত বিষয়ে আও ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সালের ১নং আইন) এর ধারা  
৬২-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাণিজ্যিকভাবে পুনঃপ্রক্রিয়াজাতকরণের উদ্দেশ্যে, লেড-এসিড  
ব্যাটারী ভাঙিয়া বা, ক্ষেত্রমত, আগুনে গলাইয়া সীসা ও অন্যান্য পুনঃপ্রক্রিয়াজাতকরণযোগ্য বস্তু বা  
পদার্থ সংগ্রহ ও পুনঃব্যবহারের কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনা বিষয়ে নিম্নবর্ণিত শর্তাবলী  
প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করিল।

(৬৭৩৫)

মূল্যঃ টাকা ২.০০

### শর্ত

- (১) পরিবেশ অধিদণ্ডের হইতে প্রযোজ্য পরিবেশগত ছাড়পত্র ব্যতিরেকে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান পুনঃপ্রক্রিয়াজাতকরণের উদ্দেশ্যে ব্যাটারী ভাঙ্গা বা ক্ষেত্রমত, আঙুনে গলানোর কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না;
- (২) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান পুরাতন বা অকার্যকর ব্যাটারী বা উহার অংশবিশেষ কোন অবস্থাতেই উন্মুক্ত স্থান মাটি, পানি, আবর্জনা ফেলার স্থান বা অন্য কোন স্থানে সংরক্ষণ বা নিষ্কেপ করিবে না;
- (৩) ব্যাটারী ব্যবহারকারীগণকে সকল পুরাতন বা অকার্যকর ব্যাটারীর নিরাপদ অপসারণের (safe disposal) উদ্দেশ্যে পরিবেশ অধিদণ্ডের কর্তৃক অনুমোদিত ব্যাটারী পুনঃপ্রক্রিয়াজাতকরণ কারখানা বা প্রতিষ্ঠানের (recycling Plant) সহিত চুক্তিবদ্ধ ব্যাটারীর খুচরা বিক্রেতা, ডিলার বা ডিস্ট্রিবিউটরের নিকট হস্তান্তর করিতে হইবে;
- (৪) সকল প্রকার ব্যাটারী খুচরা বিক্রেতা, ডিলার ও ডিস্ট্রিবিউটরকে, পরিবেশ সুরক্ষার স্বার্থে নৃতন ব্যাটারী বিক্রয়ের সময় ক্রেতার নিকট হইতে প্রতিটি নৃতন ব্যাটারীর বিপরীতে পুরাতন ব্যাটারী সংগ্রহপূর্বক, যথাশীঘ্র সন্তোষ, উহা পরিবেশ অধিদণ্ডের কর্তৃক অনুমোদিত পুনঃপ্রক্রিয়াজাতকরণ কারখানা বা প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করিতে হইবে;
- (৫) শর্ত (৩) এর অধীন পুরাতন বা অকার্যকর ব্যাটারী হস্তান্তরকালে উহার ব্যবহারকারীগণ খুচরা বিক্রেতা, ডিলার বা ডিস্ট্রিবিউটরগণের নিকট হইতে হস্তান্তর মূল্য বাবদ কোন প্রকার আর্থিক মূল্য দাবি করিতে পারিবেন না, এবং অনুরূপভাবে খুচরা বিক্রেতা, ডিলার বা ডিস্ট্রিবিউটরগণও উক্ত ব্যবহারকারীগণের নিকট কোন প্রকার অর্থ দাবি করিতে পারিবেন না।

২। পরিবেশ সংরক্ষণের উদ্দেশ্যে, উপরে বর্ণিত শর্তদির এক বা একাধিক নির্দেশের লংঘন বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন) এর ধারা ১৫ এর বিধান অনুসারে দণ্ডনীয় হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জাতীয় কান্ত প্রশংসনীয় সংস্কৰণের আবেদনে, বাংলাদেশ সরকার জাফর আহমেদ চৌধুরী  
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।